## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফ্যাক্সঃ ৯১১০৬৩৮, ওয়েব: www.infocom.gov.bd

স্মারক নং-তকক/বাজেট-১/২০১১-৬৬৪

তারিখ ঃ ০৪ বৈশাখ, ১৪১৯ বঃ
১৭ এপ্রিল, ২০১২ খ্রিঃ

**বিষয় ঃ তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ জমা প্রসঙ্গে।**

সূত্র ঃ ০১। তথ্য কমিশনের স্মারক নং- তকক/বাজেট-১/২০১১-৩৭৬; তারিখ ঃ ১৫/০১/২০১২।
০২। অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.১০১.০১৮.০০.০০.০৪৫.২০১০-১৮৩; তারিখ ঃ ০১/০৪/২০১২।
০৩। তথ্য মন্ত্রণালয়ের স্মারক নং- ১৫.০০.০০০০.০১৬.২০.০১৩.১১-২৩৪; তারিখ ঃ ০৩/০৪/২০১২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক সম্মেলন, ২০১১ তে গৃহীত মধ্যমেয়াদী সিদ্ধান্ত বাস্তবায়নকল্পে তথ্য অধিকার বিধিমালা অনুযায়ী তথ্য প্রাপ্তির জন্য আবেদনকারী তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর ৮ নং বিধি অনুযায়ী নিম্নোক্তহারে তথ্যের নির্ধারিত মূল্য পরিশোধ করবেন ঃ

| ক্রমিক নং | তথ্যের বিবরণ | তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য |
|---|---|---|
| ১। | লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ) | এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ০২(দুই) টাকা হারে এবং তদূর্ধ্ব সাইজের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য। |
| ২। | ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে | ১। আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে বিনা মূল্যে;<br>২। তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে উহার প্রকৃত মূল্যে। |
| ৩। | কোন আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে | বিনামূল্যে |
| ৪। | মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনায় নির্ধারিত মূল্য। |

সরকারি মেশিনে ফটোকপি হলে প্রতি পৃষ্ঠা ০২(দুই) টাকা হারে আদায়যোগ্য হবে।উক্ত বিধিমালার অধীন তথ্য প্রাপ্তির উদ্দেশ্যে আবেদনকারী কর্তৃক প্রদেয় ফি নগদ, মানি অর্ডার, পোস্টাল অর্ডার, ক্রসড চেক অথবা স্ট্যাম্প এর মাধ্যমে গ্রহণ করা যাবে। তবে আবেদনকারী কর্তৃক প্রদত্ত নগদ অর্থ রশিদের মাধ্যমে গ্রহণ করা বাঞ্ছনীয়।তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ (স্ট্যাম্প ব্যতীত) সরকারি কোষাগারে জমা করার নিমিত্ত অর্থ মন্ত্রণালয় হতে ২ নং স্মারকের মাধ্যমে (কপি সংযুক্ত) তথ্য কমিশনের অনুকূলে নিম্নোক্ত অর্থনৈতিক কোড প্রদান করা হয়েছে-

| কোড রেঞ্জ | বিবরণ | লেভেল-৪ কোড (অর্থনৈতিক কোড) |
|---|---|---|
| ১৮০০ | তথ্য অধিকার আইনের আওতায় প্রাপ্ত ফি | ১৮০৭ |

০২। এমতাবস্থায়, সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত নগদ অর্থ উল্লিখিত নির্ধারিত কোডে জমা দানের নিমিত্ত সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৭.৪.১২

(মোঃ ফরহাদ হোসেন)
সচিব
তথ্য কমিশন
ফোন ঃ ৯১১১৫৯০।

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চলমান পাতা-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
www.mof.gov.bd
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

নং-০৭.১০১.০১৮.০০.০০.০৪৫.২০১০-১৮৬০

তারিখঃ ০১/০৪/২০১২খ্রিঃ / ১৮/১২/১৪১৮বঃ

প্রেরকঃ দিলারা বেগম
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা
(দৃঃআঃ- জনাব মীর কাশেম, সহকারী মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (হিসাব)।

বিষয়ঃ **শ্রেনীবিন্যাস চার্টে নতুন অর্থনৈতিক কোড সংযোজন প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে তথ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন তথ্য অধিকার বিধিমালা, ২০০৯ এর আওতায় সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমা দানের জন্য নিম্নোক্ত অর্থনৈতিক কোড প্রদান করা হলঃ

| কোড রেঞ্জ | বিবরণ | লেভেল-৪ কোষ (অর্থনৈতিক কোড) |
|---|---|---|
| ১৮০০ | তথ্য অধিকার আইনের আওতায় প্রাপ্ত ফি | ১৮০৭ |

২। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-
(দিলারা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৪১৪৬

নং-০৭.১০১.০১৮.০০.০০.০৪৫.২০১০-১৮৬

তারিখঃ ০১/০৪/২০১২খ্রিঃ / ১৮/১২/১৪১৮বঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. হিসাব মহা-নিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৩. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৮), বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ
৪. জনাব মোঃ মিজানুল করিম, সিনিয়র প্রোগ্রামার, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(দিলারা বেগম)
সিনিয়র সহকারী সচিব